

আগরতলায় গরীব অংশের মানুষের বাসস্থানের জন্য লাইট হাউস নির্মাণ করা হবে : মুখ্যমন্ত্রী

আজ আগরতলায় ‘স্বচ্ছ আগরতলা, সুস্থ আগরতলা’ শীর্ষক দশ সপ্তাহের একটি কর্মসূচির সূচনা করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। আগরতলা পুরনিগমের উদ্যোগে আগরতলা টাউন হলে এ উপলক্ষ্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৪ সালে ‘স্বচ্ছ ভারত মিশন’ কর্মসূচির সূচনা করে স্বচ্ছ ভারত গড়ে তোলার আহ্বান জানিয়েছেন দেশবাসীকে। প্রধানমন্ত্রীর এই স্বচ্ছতার ধারণা সমাজের অন্তিম ব্যক্তি পর্যন্ত পৌঁছে গেছে। জনগণের মধ্যে স্বচ্ছতা বিষয়ে সচেতনতা তৈরি হয়েছে। স্বচ্ছতা বজায় রাখার মানসিকতা মানুষের মধ্যে তৈরি হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সমাজের শেষ প্রান্তে থাকা ব্যক্তিদেরও যথাযোগ্য মর্যাদা দিয়েছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাদের সম্মানসূচক শব্দে ভূষিত করেছেন। ভিন্নভাবে সক্ষম ব্যক্তিদের প্রধানমন্ত্রী দিব্যাঙ্গজন হিসাবে আখ্যায়িত করেছেন।

মুখ্যমন্ত্রী বলেন, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, রাজা রামমোহন রায়, দয়ানন্দ স্বরস্বতী প্রমুখ সমাজের অনেক সংস্কার করেছেন। বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সমাজ সংস্কারের ক্ষেত্রেও উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছেন। তিনি ‘তিন তালাক’ প্রথা বিলোপ করে সংখ্যালঘু বোনদের সামাজিক ন্যায় দিয়েছেন। মুখ্যমন্ত্রী বলেন, কোন কাজই ছোট নয়। সমাজকে সুন্দর করার ক্ষেত্রে সকলেরই সমান ভূমিকা রয়েছে। সমাজ গঠনে সাফাই কর্মচারী, শ্রমিক তারাও উল্লেখযোগ্য ভূমিকা নিচ্ছেন। মুখ্যমন্ত্রী বলেন, আগরতলায় গরীব অংশের মানুষের বাসস্থানের জন্য লাইট হাউস নির্মাণ করা হবে। ১০০০টি ফ্ল্যাট থাকবে এই লাইট হাউসে। এই লাইট হাউসের ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে ৯ লক্ষ টাকা থেকে ১১ লক্ষ টাকা পর্যন্ত সাবসিডি থাকবে। বাকি টাকাও ব্যাঙ্ক থেকে কম সুদে ঋণ নিয়ে গরীব অংশের মানুষ এই ফ্ল্যাট ক্রয় করতে পারবেন। সাফাই কর্মচারীদের কাজ করার ক্ষেত্রে হ্যান্ড গ্লাভস, মাস্ক, ইত্যাদি প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রী ব্যবহার করার জন্য আহ্বান জানান মুখ্যমন্ত্রী। আগামী দিনে ‘নতুন ত্রিপুরা’ গড়ে তোলার জন্য ত্রিপুরাবাসীর যে স্বপ্ন তা কম সময়ের মধ্যেই সম্পূর্ণ হবে বলে আশাব্যক্ত করেন মুখ্যমন্ত্রী।

অনুষ্ঠানে আগরতলা পুর-নিগমের মেয়র ড. প্রফুল্লজিৎ সিনহা বলেন, পরিচ্ছন্ন শহর গড়ে তুলতে হলে নিজেকে পরিচ্ছন্ন রাখতে হবে। নিজের বাড়ি ঘরের আশপাশ, বাড়ির সামনের ড্রেইনগুলিও পরিষ্কার রাখতে হবে। তিনি জানান, আগরতলা শহরকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ক্ষেত্রে বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে। রাজ্য সরকার আগরতলা পুরনিগমকে এ বিষয়ে সার্বিক সহযোগিতা করছে বলে তিনি জানিয়েছেন। আগরতলা পুরনিগমের মেয়র জানান, বর্তমানে আগরতলা শহরে জল জমে থাকার সমস্যা আগের থেকে অনেকটাই হ্রাস পেয়েছে। আগরতলা শহরকে পরিচ্ছন্ন রাখতে তিনি সব অংশের মানুষকে অংশগ্রহণ করার আহ্বান জানান।

অনুষ্ঠানে স্বাস্থ্য ও অর্থ দপ্তরের প্রধান সচিব জে কে সিনহা বলেন সাফাই কর্মসূচিকে মানুষের জীবন শৈলীতে অর্ন্তভুক্ত করতে হবে। তাহলেই পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা সম্ভব হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখতে গিয়ে আগরতলা পুরনিগমের কমিশনার ডাঃ সিদ্ধার্থ শিব যশওয়াল দশ সপ্তাহ ব্যাপি কর্মসূচির বিস্তারিত উল্লেখ করে জানান, স্বচ্ছ আগরতলা, সুস্থ আগরতলা কর্মসূচি আজ থেকে ১৪ ফেব্রুয়ারী ২০২১ পর্যন্ত চলবে। তিনি জানান, দশ সপ্তাহের প্রতিটি সপ্তাহেই নির্দিষ্ট কর্মসূচি রয়েছে। সাফাই কর্মসূচির পাশাপাশি, পেইন্টিং, গান, শর্ট ফিল্ম, পোস্টারিং ইত্যাদি বিষয়ে ডিজিটাল পদ্ধতিতে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এছাড়াও আগরতলা শহরের ৫০টি ওয়ালে পেইন্টিং করা হবে, বিভিন্ন বাজার সাফাই অভিযান করা হবে, প্লাস্টিকের পরিবর্তে পরিবেশ বান্ধব সামগ্রী ব্যবহারে উৎসাহিত করা হবে।

**** (২) ****

সাফাই কর্মচারীদের টিকাকরণ, বীমা, সুরক্ষা সামগ্রী বিতরণ করার কর্মসূচিও গ্রহণ করা হবে বলে জানিয়েছেন পুর কমিশনার। দশ সপ্তাহব্যাপী কর্মসূচিতে নাগরিকদের সার্বিক অংশগ্রহণের মধ্য দিয়েই স্বচ্ছ আগরতলা সূত্র আগরতলা গড়ে তোলা হবে। এদিনের অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন নগর উন্নয়ন দপ্তরের সচিব কিরন গিত্যে, নগর উন্নয়ন দপ্তরের অধিকর্তা রত্নজিৎ দেববর্মা। উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের অতিরিক্ত কমিশনার অক্ষয় লাবু।

অনুষ্ঠানে স্বচ্ছ আগরতলা, সূত্র আগরতলা নামক একটি বইয়ের মলাট উন্মোচন করেন মুখ্যমন্ত্রী ও অন্যান্য অতিথিগণ। এদিনের অনুষ্ঠানে আগরতলার পুরনিগম এলাকার স্বাস্থ্যকর্মী ও সাফাই কর্মীদের মধ্যে থেকে শ্রেষ্ঠ পরিষেবা প্রদান করার জন্য সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে আগরতলা পুরনিগমের সিটিজেন গ্রীভেন্স রিড্রেসাল পোর্টাল ও মোবাইল অ্যাপ্লিকেশন এর উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। অনুষ্ঠানে স্বচ্ছতা বিষয়ে একটি প্রদর্শনীর আয়োজন করা হয়। মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ এই প্রদর্শনী ঘুরে দেখেন।
